গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
বীজ প্রত্যয়ন এজেন্সী
গাজীপুর-১৭০১
www.sca.gov.bd

কৃষিই সমৃদ্ধি

স্মারক নং-১২.০৪.০০০০.০০৭.৯৯.০০১.১৭.

তারিখঃ ১২.০৫.২০২৫

## বোরো ধান বীজ ফসলের প্রি-পোস্ট কন্ট্রোল গ্রোআউট টেস্ট বিষয়ক মাঠ দিবসের কার্যবিবরণী

প্রধান অতিথি : ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান, সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সভাপতি : মো: জয়নাল আবেদীন, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
তারিখ ও সময় : ৭ মে ২০২৫, দুপুর ০১.০০ ঘটিকা।
স্থান : প্রশিক্ষণ হল রুম, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।

| আলোচক | আলোচনা |
|---|---|
| স্বাগত বক্তব্য:<br>জনাব সৈয়দ তানভীর আহমেদ<br>উপপরিচালক (প্রশাসন),<br>বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর | তিনি উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করে বলেন,<br>• এসসিএ প্রি-পোস্ট কন্ট্রোল গ্রোআউট টেস্ট করে থাকে জাতের কৌলিক বিশুদ্ধতা নির্ণয়ের জন্য।<br>• A sample টি বীজ পরীক্ষার কাজে ব্যবহার করা হয়।<br>• B sample টি প্রিপোস্ট কন্ট্রোল গ্রোআউট টেস্ট বাস্তবায়নে ব্যবহার করা হয়।<br>• ধানের প্রজনন, ভিত্তি ও প্রত্যয়িত বীজের প্রত্যয়ন করা হয়।<br>• এসসিএ তে জমির স্বল্পতার কারণে ১৯৩৭ টি লটের মধ্যে ৫৭৭টি লটের টেস্ট করা হয়েছে যা মোট প্রাপ্ত নমুনার মাত্র ৩০%। |
| মূল প্রবন্ধ উপস্থাপন:<br>জনাব মোহাম্মদ শামছুর রহমান খান<br>উপপরিচালক (জাত পরীক্ষা)<br>বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর | তিনি প্রবন্ধ উপস্থাপনায় বলেন,<br>• গ্রোআউট টেষ্ট এর মাধ্যমে মূলত জাতের কৌলিক বিশুদ্ধতা (Genetic Purity) দেখা হয়।<br>• মাঠ দিবসের মূল উদ্দেশ্য হচ্ছে অংশগ্রহনকারীদের বীজ প্লট তথা লটের জাতের বিশুদ্ধতা সম্পর্কে ধারণা প্রদান করা।<br>• বীজ পরিদর্শকগণ সমস্যাযুক্ত প্লটগুলো পর্যবেক্ষণ করতে এবং ভবিষ্যতে প্রত্যয়নের ব্যাপারে আরো সতর্ক হতে পারবেন।<br>• বীজ হতে গজানো গাছ পর্যবেক্ষণের মাধ্যমে বাহ্যিক (Phenotypic) বৈশিষ্ট্যের ভিত্তিতে তথ্য সংগ্রহ করা হয়।<br>• ২০২৪-২৫ প্রি-পোস্ট কন্ট্রোল গ্রোআউট টেস্টের ফলাফল উপস্থাপন করে বলেন প্রজনন বীজের ৯৪টি নমুনার মধ্যে ত্রুটিপূর্ণ নমুনা ৪৩টি যা শতকরা ৪৫ ভাগ; ভিত্তি বীজের ৪০৭টি নমুনার মধ্যে ত্রুটিপূর্ণ নমুনা ১২৭টি যা শতকরা ৩১ ভাগ; প্রত্যয়িত বীজের ৭৬টি নমুনার মধ্যে ত্রুটিপূর্ণ নমুনা ৬টি যা শতকরা ৭ ভাগ।<br>• এছাড়া তিনি ২০২২-২৩, ২০২৩-২৪ এবং ২০২৪-২৫ বর্ষের প্রি পোস্ট কন্ট্রোল গ্রোআউট টেস্টের তুলনামূলক ফলাফল উপস্থাপন করেন।<br>• জমির স্বল্পতার জন্য ১৯৩৭ টি লটের মধ্যে ৫৭৭টি লট এর ট্রায়াল করা সম্ভব হয়েছে যা মোটের ৩ ভাগের ১ ভাগ ফলে মাঠ দিবসের উদ্দেশ্য সঠিকভাবে কার্যকর হচ্ছে না। |

| | |
|---|---|
| ড. মো: নাজমুল ইসলাম<br>যুগ্ম পরিচালক<br>কেন্দ্রীয় বীজ পরীক্ষাগার, বিএডিসি | তিনি বলেন,<br>• মাঠ দিবসের ইনভাইটেশন স্পেসিফিক হয়েছে।<br>• একটা কালারফুল রাইস descriptor তৈরি করতে পারলে উৎপাদনকারীগণ উপকৃত হবেন।<br>• ধানের DUS characters revised করতে হবে।<br>• Molecular analysis এর মাধ্যমে offtype identify করার ব্যবস্থা থাকতে হবে।<br>• বাংলাদেশের আবহাওয়া উপযোগী Trial বাস্তবায়ন করে seed standard & field standard update করা প্রয়োজন।<br>• বীজ পরীক্ষার ক্ষেত্রে Seed vigour & viability সংযুক্ত করা প্রয়োজন।<br>• SCA তে একটি ISTA Accreditation Lab প্রয়োজন।<br>• এসসিএকে একটি স্বতন্ত্র প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠিত করতে হবে। |
| ড. মো: আলমগীর হোসেন<br>জিএম, লাল তীর সীডস লিমিটেড | তিনি বলেন,<br>• মাঠ দিবসের কি-নোট পেপার উপস্থাপন সুন্দর হয়েছে।<br>• সীড কোয়ালিটি বছরের পর বছর ডিক্লাইন করছে।<br>• সীড "Multiplication Ratio" maintain করে ব্রিডার বীজ উৎপাদন করা উচিত যেখানে ১টন ব্রিডার বীজ থেকে ৮০টন ভিত্তি বীজ উৎপাদন করা যাবে।<br>• ৫০% এর বেশি বীজ ভিত্তি বীজ হিসেবে বিক্রি হয় ।<br>• ভিত্তি বীজ কৃষকরা সরাসরি ধান উৎপাদনের জন্য ব্যবহার করে। ফলে প্রজনন বীজের চাহিদা বেড়ে যায় এবং বীজের গুণগত মান বজায় রাখা সম্ভব হয় না।<br>• কৃষক পর্যায়ে প্রত্যয়িত বীজ ব্যবহারে উৎসাহিত করতে হবে।<br>• এসসিএ কে স্বতন্ত্র প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠিত করতে হবে এবং ডিএসসিওদের গাড়ির ব্যবস্থা করতে হবে।<br>• সীড প্রসেসিং এর সময় admixture এর ব্যাপারে সতর্ক হতে হবে। |
| জনাব মো: মনজু আলম সরকার<br>জেলা বীজ প্রত্যয়ন অফিসার<br>জয়পুরহাট | তিনি বলেন,<br>• বীজ আইনে অনেক কিছুরই ব্যাখ্যা নাই।<br>• ডিএসসিওগণ যাতে মাঠে সুষ্ঠুভাবে কাজ করতে পারে সেজন্য আইন সংশোধন করা প্রয়োজন।<br>• জনবল ও যানবাহনের ব্যবস্থা করতে হবে। |
| ড. মো: আকতার হোসেন খান<br>প্রধান বীজতত্ত্ববিদ<br>বীজ অনুবিভাগ<br>কৃষি মন্ত্রণালয়, ঢাকা | তিনি বলেন,<br>• এসসিএ'র জেলা পর্যায়ের কর্মকর্তাগণকে বীজ পরিদর্শক হিসেবে দায়িত্ব দেয়া আছে। ফলে তাদের বীজ আইন, বিধিমালা প্রয়োগের সুযোগ রয়েছে। |
| জনাব মো: শাহীদুজ্জামান<br>ইসলামী সীড কোম্পানি<br>জামালপুর | তিনি বলেন,<br>• কৃষি বিভাগের আন্তরিকতা ও স্বচ্ছতা ব্লক লেভেল পর্যন্ত সত্যিই প্রশংসনীয়।<br>• প্যাকেটের নির্দিষ্ট ট্রেড মার্ক এর ব্যবস্থা করতে হবে।<br>• ভালো কোম্পানির প্যাকেট নকল করার কারণে তারা ক্ষতিগ্রস্থ হচ্ছে।<br>• যারা বীজ ডিলার তারাই সারের ডিলার, এক্ষেত্রে যাচাই করতে হবে। |
| জনাব মো: জাকিউল হক<br>প্রতিনিধি<br>সুপ্রীম সীড লিমিটেড | তিনি বলেন,<br>• ব্রি থেকে ব্রিডার বীজ সংগ্রহ করার পূর্বে আমরা সারাদেশ থেকে চাষীদের চাহিদার তথ্য নিয়ে থাকি।<br>• সুপ্রীম সীড কোম্পানি সব সময় ভিত্তি বীজ ব্যবসা নিরুৎসাহিত করে থাকে। |

| | |
|---|---|
| ড. লিয়াকত আলী<br>অধ্যাপক<br>গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়, | তিনি বলেন,<br>• যারা combine harvester ব্যবহার করে তাদের ক্ষেত্রে admixture বেশী হয়। এইক্ষেত্রে সতকর্তা অবলম্বন করতে হবে।<br>• সবাই মিলে কাজ করলে অসাধু ব্যবসায়ীদের কন্ট্রোল করা সম্ভব হবে। |
| জনাব কাজী গোলাম কিবরিয়া<br>মেসার্স নোইন সীড কোম্পানি<br>টাংগাইল | তিনি বলেন,<br>• একটি জেলায় ১৫০টি কোম্পানি কিন্তু অফিসার মাত্র ৩জন থাকায় মনিটরিং সঠিকভাবে হয় না।<br>• সুষ্ঠুভাবে মাঠ প্রত্যয়ন ও মনিটরিং কার্যক্রম পরিচালনার জন্য কর্মকর্তাদের গাড়ির প্রয়োজন। |
| জনাব মাহমুদুল হাসান,<br>জেলা বীজ প্রত্যয়ন অফিসার<br>টাংগাইল | তিনি বলেন,<br>• তিনি জেলার প্রতিটি বীজের ডিলার ও কোম্পানির মাঠ, দোকান এবং বাড়ি গিয়ে বীজ সংরক্ষণাগার দেখে আসেন।<br>• বীজ কোম্পানিতে কৃষিবিদ না থাকায় বীজের মান ক্রমান্বয়ে খারাপ হয়ে যাচ্ছে। এ কারণে আইন অনুযায়ী যথাযথ ব্যবস্থা নিতে হবে। |
| ড. পার্থ সারথী বিশ্বাস<br>মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা<br>ব্রি, গাজীপুর | তিনি বলেন,<br>• সীড প্রমোশন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী প্রজনন বা ভিত্তি শ্রেণির বীজ কৃষকের কাছে বিক্রি করা যাবে না, প্রত্যয়িত শ্রেণির বীজ উৎপাদন করে কৃষক পর্যায়ে বিক্রি করতে হবে।<br>• সেই হিসেব অনুযায়ী ব্রিডার বীজ প্রয়োজন মাত্র ৬৫ টন। কিন্তু বাস্তবিক অর্থে চাহিদা অনেক বেশি।<br>• চাহিদার ভিত্তিতে বোরো মৌসুমে ব্রি ৩০০ টন ব্রিডার বীজ উৎপাদন করেছে।<br>• বীজের চাহিদা বাড়ার সাথে সাথে অধিক পরিমাণ ব্রিডার বীজ উৎপাদনের ফলে বীজের মান ক্রমান্বয়ে খারাপ হচ্ছে। |
| ড. মোহাম্মদ খালেকুজ্জামান<br>মহাপরিচালক<br>ব্রি, গাজীপুর | তিনি বলেন,<br>• ভিত্তি বীজ কৃষকের কাছে সরবরাহ না করলে প্রত্যয়িত ও মানঘোষিত বীজ বিক্রি বৃদ্ধি পাবে।<br>• বীজ বিধি ভঙ্গ করে বিএডিসি সহ অন্যান্য প্রতিষ্ঠান ভিত্তি বীজ বিক্রি করে।<br>• ব্রিডার বীজ বিতরণের আগে যাচাই বাছাই করতে হবে।<br>• ব্রি স্যালাইন, ড্রাউট টলারেন্ট জাত ছাড়করণের আগে হটস্পট ট্রায়াল করে থাকে। |
| <u>প্রধান অতিথি:</u><br>ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান<br>সচিব, কৃষি মন্ত্রণালয়, ঢাকা | তিনি বলেন,<br>• বীজ ও সারের ডিলার এবং বীজ কোম্পানির লাইসেন্স পাওয়ার ন্যূনতম যোগ্যতা থাকা দরকার।<br>• Variety incorrect হলে ডিলারশীপ বাতিলের সাথে সাথে আইনি ব্যবস্থা নেয়া হবে। প্রয়োজনে হলে criminal offence বিবেচনাপূর্বক জেলে প্রেরণ করা হবে।<br>• Certification strength বৃদ্ধি করতে হবে।<br>• বীজ Certification দেয়ার ক্ষেত্রে পূর্ববর্তী ২-৩ বছরের তথ্য যাচাই করতে হবে। কৃষকরা যাতে বিভ্রান্ত না হয় তার জন্য প্রয়োজনে নতুন নীতিমালা তৈরি করতে হবে।<br>• লাইসেন্স দেয়ার পূর্বে টেকনিক্যাল দক্ষতা যাচাই করে দিতে হবে।<br>• পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বীজ ডিলার নিবন্ধন বন্ধ রাখার জন্য প্রধান বীজতত্ত্ববিদ, বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়কে নির্দেশ প্রদান করেন।<br>• ব্রিডার বীজ উৎপাদনের পূর্বে সারা বাংলাদেশের চাহিদা যাচাই করতে হবে।<br>• কৃষির উন্নয়নের জন্য টোটাল ম্যানেজমেন্ট সিস্টেমকে ঢেলে সাজাতে হবে। |

| সভাপতি: | তিনি বলেন, |
|---|---|
| জনাব মো: জয়নাল আবেদীন<br>পরিচালক<br>বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর | • রোগিং ও আইসোলেশন দূরত্ব মেইনটেইন করতে হবে।<br>• ব্রিডার বীজ উৎপাদন, প্রসেসিং, সংরক্ষণ ও বিতরণের ক্ষেত্রে আরো সতর্ক হতে হবে।<br>• কৃষকের স্বার্থে বীজের গুণগতমান বজায় রাখার ক্ষেত্রে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানকে সমন্বয়ের ভিত্তিতে কাজ করতে হবে। |

পরিশেষে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে মাঠ দিবসের সমাপ্তি ঘোষণা করেন।

২২/০৫/২০২৫

মো: জয়নাল আবেদীন
পরিচালক
বীজ প্রত্যয়ন এজেন্সী
গাজীপুর-১৭০১
ফোন নং-+৮৮০-২-৪৯২৭২২০০
Email: dir.sca.gov.bd@gmail.com